CREATIVETIME

September 3rd – October 5th, 2025

সব বয়সের এনওয়াইসি সাবওয়ে ও বাসযাত্রীদের জন্য একটি নির্দেশিকা" উপস্থাপন করছে Creative Time and MTA Arts & Design

ক্লোই বাসঃ যদি কিছু শোনো, কিছু মুক্ত করো

এই অভিজ্ঞতা সম্পর্কে

শিল্পী ক্লোই বাস আমাদের ভাবতে বলেন আমরা জনসমাগমের জায়গায় কীভাবে হাঁটি, চলি আর সেই জায়গা কেমনভাবে অনুভব করি। যেসব জায়গায় সাধারণত সতর্কবার্তা বা ঘোষণা শোনা যায়, সেখানে "যদি কিছু শুনো, কিছু মুক্ত করো" আমাদের দেয় এক ভিন্ন বার্তা: যত্ন, সম্পর্ক আর একে অপরের পাশে থাকা। এই জনশিল্পকর্মে MTA'র মাইকিং বা ঘোষণা সিস্টেম (PA system) ব্যবহার করা হয়েছে। সেখানে শোনা যাবে কবিতার মতো ছোট ছোট বার্তা, যা বলবেন পেশাদার ভোকালিস্ট এবং সাধারণ নিউইয়র্কবাসী। প্রতিটি বার্তা শুরু হবে একটি বিশেষ সাউন্ড দিয়ে এবং শেষ হবে এই কথায়: "যদি কিছু শুনো, কিছু মুক্ত করো।" ২৪টি ঘোষণা শোনা যাবে ইংরেজি, স্প্যানিশ, আরবি, বাংলা, হাইতিয়ান ক্রেওল, মান্দারিন এবং আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজে। এগুলো আমাদের মনে করিয়ে দেবে থামতে, ভাবতে, অবাক হতে এবং আমাদের যাত্রাপথ স্টেশন, বাস বা মহল্লায় একটু ভিন্নভাবে অনুভব করতে।

এই কাজটি Sonic Commons নামের একটি বড় প্রোগ্রামের অংশ। এর সারমর্ম হলো আমাদের চারপাশের শব্দ (যেমন কথোপকথন, গান, ঘোষণা, হাঁটার শব্দ, হাসি বা নীরবতা) আমাদের কেমনভাবে একে অপরের সঙ্গে যুক্ত করে। জনশিল্প সবার জন্য। এটি পাওয়া যায় আমাদের আশেপাশের জায়গায় পার্কে, ফুটপাথে বা পাতাল রেলে। জনশিল্প আমাদের জীবনে সৃজনশীলতা আনে এবং আমাদের চারপাশের মানুষ ও জায়গাগুলোকে নতুনভাবে দেখতে শেখায়।

"যদি কিছু শুনো, কিছু মুক্ত করো" এর মতো জনশিল্প আমাদের মনে করিয়ে দেয় আমাদের সবার জায়গা হতে পারে কল্পনার, সুস্থতার আর একসাথে থাকার জায়গা।

শব্দ, চলাফেরা আর ভাবনার মাধ্যমে বাস আমাদের শেখান দয়া এবং যত্নও এক ধরনের শক্তি, যা আমরা সবাই ভাগাভাগি করতে পারি।

আপনি চাইলে এই শিল্পকর্ম উপভোগ করতে পারেন শুনে বা সাইন ল্যাঙ্গুয়েজের মাধ্যমে। অংশ নিতে পারেন শুনে, অনুভব করে, কল্পনা করে বা নিজের মতো করে প্রতিক্রিয়া জানিয়ে।

Experience *If you hearsomething, free something* in the mezzanines of the following subway stations:

Manhattan

- Fulton St (4,5)
- 14 St-Union Sq (4,5,6)
- 42 St-Bryant Pk/5 Av (7)
- Grand Central-42 St (S)
- 163 St-Amsterdam Av (A,C)

Queens

- Court Sq (7,G)
- 74 St-Broadway (7)
- Mets-Willets Point (7)

Brooklyn

- Clinton-Washington Avs (G)
- Fort Hamilton Pkwy (F,G)
- York St (F)
- Atlantic Av-Barclays Ctr (2,3,4,5)

Bronx

- 167 St (B,D)
- Westchester Sq-E Tremont Av (6)

Creative Time এর জনশিল্প প্রোগ্রাম সম্পর্কে আরও জানতে ভিজিট করুন creativetime.org
শিল্পী ক্লোই বাস সম্পর্কে আরও জানতে ভিজিট করুনঃ chloebass.com



অংশ নেওয়ার উপায়:
এই গাইডের নির্দেশনাগুলো আপনাকে ভাবতে ও যুক্ত হতে আহ্বান জানায় চলাফেরা, লেখা, অঙ্গভঙ্গি, নীরবতা বা আলাপচারিতার মাধ্যমে।

প্ল্যাটফর্মে থাকাকালে:
একটু সময় নিয়ে চারপাশ দেখুন।

- কী কী শব্দ শুনছেন—কাছ থেকে বা দূর থেকে?
- ঘোষণার সময় মানুষ কীভাবে নড়ে-চড়ে বা আচরণ করে?
- তাদের মুখভঙ্গি, ভঙ্গিমা, বিরতি, গতি লক্ষ্য করুন।
- পর্যবেক্ষণ করতে গিয়ে আপনার কীরকম অনুভূতি হয় বা চিন্তা জাগে?

মনোযোগ দিন ও নিজের ভেতরে তাকান
"যদি কিছু শুনো, কিছু মুক্ত করো (২০২৫)" এর শব্দগুলো এবং চারপাশের পরিবেশে মন দিন।

- প্রতিটি বার্তা আপনাকে কী মনে করায় বা কোন স্মৃতি জাগায়?
- একটি অঙ্গভঙ্গি বা নড়াচড়া দিয়ে প্রতিক্রিয়া দিনঃ হাতে হৃদয়ে রাখা, গভীর শ্বাস, আঙুল টোকা, একটি শব্দ বলা বা সাইন করা।
- আপনার হাতে এমন একটি প্রতীক আঁকুন, যা আপনার অনুভূতিকে বোঝায়।
- পা, সিট বা রেলিংয়ের কম্পন লক্ষ্য করুন শ্বাস, আঙুল টোকা বা সাইন দিয়ে তার প্রতিক্রিয়া জানান।

যাত্রাপথেঃ ভ্রমণ সংক্রান্ত বার্তা

আপনার চারপাশে চলমান মানুষদের দেখুন।

- ভাবুন, যদি তাদের জন্য একটি নীরব বার্তা পাঠাতে পারতেন, তাহলে কী হতো?
- (যেমন: "আমরা একসঙ্গে চলছি" / "একটু থামুন" / "আপনি একা নন")
- বার্তাটি লিখুন, আঁকুন, মনে রাখুন বা শরীরী ভাষায় প্রকাশ করুন।
- যদি বিশ্বাসযোগ্য কারও সঙ্গে থাকেন, সাইন করে বা বলেও শেয়ার করতে পারেন।



প্রতিধ্বনি অনুভব করুন
(Feel the Echo)

যাত্রার মাঝপথে বা বিরতিতে ভেবে দেখুন ছোট কাজগুলো কীভাবে বড় প্রভাব ফেলে।



- সম্প্রতি দেখা কোনো যত্নের মুহূর্ত মনে করুন
- (যেমন কেউ অন্য কারো জন্য নিজের আসন ছেড়ে দিল, অথবা জায়গা করে দিল।)
- এতে আপনার কী হলো? কী অনুভব করলেন?
- এতে আপনার ভেতরে কী বদল হলো? আজ আপনি অন্যকে কী দিতে পারলেন?
- "চলমান যত্ন" বলতে আপনার কাছে কী বোঝায় একটু লিখে ফেলুন বা ছবি আঁকুন।
- একটি ছোট যত্নের ভঙ্গি অনুশীলন করুন— চোখে চোখে দেখা, একটি হাসি, অথবা জায়গা ছেড়ে দেওয়া।

যাত্রার বাইরে: এটিকে সম্প্রদায়ে ছড়িয়ে দিন

বাড়ি, স্কুল বা কাজে:

- একটি "যত্নের শব্দ" ডায়েরি রাখুন। প্রতিদিনের একটি অর্থবহ শব্দ বা শব্দ-স্মৃতি লিখুন, আঁকুন বা কোলাজ করুন।
- একটি "পাবলিক মেসেজ সার্কেল" আয়োজন করুন একটা বাক্য বলুন, যা আপনি চান অন্যরা জনসমক্ষে অনুভব করুক।

কমিউনিটিতে:

- যদি কিছু শুনো, কিছু মুক্ত করো থেকে অনুপ্রাণিত হয়ে একটি কবিতা লিখুন, সাউন্ড কোলাজ বানান বা জানালায় একটি বার্তা প্রদর্শন করুন।
- জনসমাগমের জায়গায় ছোট ছোট সচেতন অঙ্গভঙ্গি দিয়ে 'যত্নের হাঁটা' আয়োজন করুন।

ভাবুন

- জনসাধারণের ঘোষণা, শব্দ আর নীরবতা আমাদের আচরণে কীভাবে প্রভাব ফেলে?
- জনসমক্ষে আবেগকে মুক্ত করা মানে কী?
- কোন কোন শব্দ আপনার দীর্ঘসময় ধরে মনে থাকে?
- কিছু শোনার পর সেটাকে "মুক্ত করা" আপনার কাছে কী মানে বহন করে?

শিল্পীর শেষ কথা

"আমি চাই আমরা জনসমাজের আবেগময় জীবন ফিরিয়ে আনি।" — ক্লোই বাস

ভাবুন তো, যদি জনসমাগমের জায়গাগুলো শুধু সতর্কবার্তার জন্য না হয়ে সংযোগ আর সম্পর্কের জায়গা হতো, তবে কেমন হতো?





গাইড প্রস্তুত করেছেন: অ্যাঞ্জেলা গার্সিয়া, শিক্ষা বিষয়ক পরামর্শদাতা, Creative Time ও শিল্পী ক্লোই বাস-এর সহযোগিতায়।